

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মন্ত্রিপরিষদ বিভাগ  
প্রশাসনিক উন্নয়ন ও সমন্বয়-২ অধিশাখা।  
[www.cabinet.gov.bd](http://www.cabinet.gov.bd)

নং- ০৪.০০.০০০০.৭১২.২৩.০০২.১৬-১০৭

তারিখঃ ১২ ভাদ্র ১৪২৪  
২৭ আগস্ট ২০১৭

স্বাধীনতা পুরস্কারপ্রাপ্ত সুধী।

বিষয় : স্বাধীনতা পুরস্কার ২০১৮-এর জন্য মনোনয়ন।

মহোদয়,


আপনি অবগত আছেন যে, স্বাধীনতা পুরস্কারের জন্য সকল মন্ত্রণালয়/বিভাগ এবং ইতঃপূর্বে স্বাধীনতা পুরস্কার/স্বাধীনতা দিবস পুরস্কারপ্রাপ্ত সুধীজন মনোনয়ন প্রদান করে থাকেন। মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারিকৃত 'স্বাধীনতা পুরস্কার সংক্রান্ত নির্দেশাবলি' অনুসরণে নির্ধারিত ছকে এ প্রস্তাব প্রেরিত হয়।

০২। মন্ত্রিপরিষদ বিভাগ স্বাধীনতা পুরস্কার ২০১৮-এর মনোনয়ন প্রক্রিয়াকরণের উদ্যোগ গ্রহণ করেছে। এ পরিপ্রেক্ষিতে আপনার সদয় অবগতির জন্য উক্ত নির্দেশাবলির একটি কপি এই সঙ্গে প্রেরণ করছি।

০৩। স্বাধীনতা পুরস্কার ২০১৮-এর জন্য কোন ব্যক্তি/প্রতিষ্ঠানের বিষয়ে আপনার মন্ত্রণালয়/বিভাগের মনোনয়ন থাকলে তা "স্বাধীনতা পুরস্কার সংক্রান্ত নির্দেশাবলি" অনুসরণে নির্ধারিত ছক পূরণপূর্বক সংশ্লিষ্ট কাগজপত্রসহ প্রতিটি প্রস্তাবের ৩০ প্রস্থ অনুলিপি আগামী ৩০ নভেম্বর ২০১৭ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করছি। মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইট ([www.cabinet.gov.bd](http://www.cabinet.gov.bd)) থেকেও স্বাধীনতা পুরস্কার সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করা যাবে।

সংযুক্তি: স্বাধীনতা পুরস্কার সংক্রান্ত নির্দেশাবলি।

আপনার বিশ্বস্ত



(এ কে মহিউদ্দিন আহমদ)

অতিরিক্ত সচিব (সমন্বয়)

ফোনঃ ৯৫৮২২৭৭

E-mail: [adl\\_coord@cabinet.gov.bd](mailto:adl_coord@cabinet.gov.bd)  
[mohiuddinjscs@gmail.com](mailto:mohiuddinjscs@gmail.com)